



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমবায় কার্যালয়
বীরগঞ্জ, দিনাজপুর।

www.cooperative.birganj.dinajpur.gov.bd

সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার)

১. ভিশন ও মিশন

ক) রূপকল্প:

টেকসই সমবায়, টেকসই উন্নয়ন।

খ) অভিলক্ষ্য:

সমবায়ীদের সক্ষমতা বৃদ্ধি এবং উদ্যোক্তা সৃষ্টির মাধ্যমে কৃষি, অকৃষি, আর্থিক ও সেবা খাতে টেকসই সমবায় গড়ে তোলা।

২. প্রতিশ্রুত সেবাসমূহ

নাগরিক সেবা, প্রাতিষ্ঠানিক সেবা ও অভ্যন্তরীণ সেবা

২. প্রতিশ্রুতি সেবা সমূহঃ

২.১) নাগরিক সেবাঃ

ক্র. নং	সেবার নাম	সেবা প্রাদানে সর্বোচ্চ সময়	প্রয়োজনীয় কাগজপত্র	প্রয়োজনীয় কাগজপত্র/ আবেদন ফরম প্রাপ্তিস্থান	সেবামূল্য এবং পরিশোধ পদ্ধতি (যদি থাকে)	শাখার নামসহ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম, পদবী, রুম নম্বর, জেলা/উপজেলার কোড, অফিসিয়াল টেলিফোন নম্বর ও ই-মেইল	উর্দ্ধতন কর্মকর্তার পদবী, রুম নম্বর, জেলা/উপজেলার কোডসহ অফিসিয়াল টেলিফোন নম্বর ও ই-মেইল
১	২	৩	৪	৫	৬	৭	৮
১	ক) প্রাথমিক সমবায় সমিতি নিবন্ধন	৭-৬০ দিন	সরকারের উন্নয়ন প্রকল্পের আওতা বর্হিভূত প্রাথমিক সমবায় সমিতি নিবন্ধনের ক্ষেত্রে ১৮ আঠার বছর বয়সের উর্দ্ধে কমপক্ষে ২০ জন সাধারণ জনগণের আবেদন এবং সমবায় সমিতি নিবন্ধন নীতিমালা, ২০১৩ অনুযায়ী উপজেলা/ থানা সমবায় অফিসে দাখিলের পর উক্ত আবেদনপত্র উপজেলা সমবায় অফিসার নিজে অথবা সহকারী পরিদর্শক দ্বারা সরেজমিনে যাচাই শেষে উপজেলা/থানা সমবায় অফিসার যদি এই মর্মে সন্তুষ্ট হন যে দাখিলকৃত কাগজপত্র সঠিক আছে তবে তিনি আবেদনকারীর রেকর্ডপত্র সুপারিশসহ জেলা সমবায় অফিসার বরাবর প্রেরণ করবেন। নিবন্ধনের বিষয়ে জেলা	১। আবেদনপত্র। ২। নিবন্ধন ফি এর ট্রেজারি চালানের মূল কপি। ৩। সকল কাগজপত্র যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক সত্যায়িত হইতে হইবে। ৪। সমিতির সংগঠকের নাম ও ঠিকানা। ৫। উপ-আইনে স্বাক্ষরকারীদের জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি অথবা	প্রাথমিক সমবায় সমিতি নিবন্ধনের ক্ষেত্রে নিবন্ধন ফি হিসেবে ৩০০/- টাকা ট্রেজারীচালানের মাধ্যমে সরকারি কোষাগারে জমা দিতে হয় এবং ভ্যাট বাবদ	মোঃ আহাদ আলী মন্ডল, উপজেলা সমবায় অফিসার বীরগঞ্জ, দিনাজপুর ০২৫৮৮৮৭৮৬৮১ uco.birgonj.dinajpur@gmail.com	জেলা সমবায় অফিসার, দিনাজপুর ০২৫৮৯৯২৫১৪৩ dco_dinajpur@yahoo.com

	<p>সমবায় অফিসারের কোন Query না থাকলে জেলা সমবায় অফিসার নিবন্ধনের আবেদন প্রাপ্তির ৬০ দিনের মধ্যে উপ-আইনসহ যাবতীয় রেকর্ডপত্র নিবন্ধন প্রদান করে নিবন্ধন সনদ ইস্যু করেন। কিন্তু জেলা সমবায় অফিসার যদি মনে করেন যে দাখিলকৃত কাগজপত্র নিবন্ধন প্রদানের জন্য যথেষ্ট নয় তাহলে তিনি আবেদন প্রাপ্তির সর্বোচ্চ ৩০ দিনের মধ্যে কাগজপত্র সংশোধনের জন্য উপজেলা সমবায় অফিসারের নিকট প্রেরণ করবেন এবং উপজেলা সমবায় অফিসার নিবন্ধনের জন্য আবেদনকারী কর্তৃপক্ষের নিকট উহা সংশোধনের জন্য প্রেরণ করবেন। সংশোধিত কাগজপত্র সঠিক থাকলে তিনি উপ-আইন নিবন্ধনসহ নিবন্ধন সনদপত্র ইস্যু করবেন। জেলা সমবায় অফিসার যদি কোন কারণ ব্যতিরেকে ৬০ দিনের মধ্যে নিবন্ধন সনদপত্র ইস্যু না করেন তবে জেলা সমবায় অফিসারের উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট আবেদনকারীগণ আপীল করতে পারেন। আপীলকারীর আপীল আবেদনটি যথাযথ মর্মে প্রমাণিত হলে পরবর্তী তিন দিনের মধ্যে জেলা সমবায় অফিসার নিবন্ধন সনদ প্রদান করতে বাধ্য থাকবেন।</p>	<p>ইউপি/ চেয়ারম্যান/ ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদের কপি। ৬। উপ-আইনে স্বাক্ষরকারী সদস্য সমিতির প্রতিনিধিত্বকারী ব্যক্তির ১ প্রস্তুত সদ্য তোলা পাসপোর্ট সাইজের ছবি ও সদস্যদের মোবাইল/ফোন নম্বর। ৭। বিদ্যমান সমবায় সমিতি আইন, বিধিমালা, উপ-আইন, বিভিন্ন সময়ে জারিকৃত সরকারের নির্দেশনা পালনের অঙ্গীকারনামা (দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক)। ৮। সাংগঠনিক সভার শুরুর থেকে আবেদনের তারিখ পর্যন্ত জমা খরচ হিসাব। ৯। আগামী ০২ বছরের বাজেট। ১০। সমবায় সমিতি নিবন্ধন নীতিমালা, ২০১৩ মোতাবেক একই এলাকায় এই নামে অন্য কোন সমিতির সাথে দ্বন্দ্ব সংঘাত হবে না মর্মে প্রত্যয়ন পত্র থাকিবে হইবে। সমিতি কোন প্রতিষ্ঠানের অংগপ্রতিষ্ঠান বা সমিতির কোন অংগপ্রতিষ্ঠান থাকিতে পারিবে না। ১১। প্রস্তাবিত উপ-আইনের ০৩ কপি। ১২। সাংগঠনিক সভার কার্যবিবরণী। ১৩। জমা-খরচ বিবরণীর সাথে শেয়ার ও সঞ্চয় খাতের তালিকা এবং মজুদ সংরক্ষণ বিষয়ে প্রত্যয়ন থাকিতে হইবে। ১৪। সমিতি নিবন্ধনের পর ২ মাসের মধ্যে জাতীয় সমবায় ব্যাংক লিঃ এর কোন শাখায় অথবা যে কোন তফসিলি ব্যাংকে সমিতির নামীয় হিসাব খোলার অঙ্গীকার থাকিতে হইবে। ১৫। সাংগঠনিক পর্যায়ের জমাখরচ বহি, সদস্য রেজিস্টার, শেয়ার ও সঞ্চয় রেজিস্টারের ফটোকপিসংযোজন করিতে হইবে। ১৬। সংশ্লিষ্ট নিবন্ধক প্রয়োজনে অতিরিক্ত কাগজপত্র চাহিতে পারিবেন। ১৭। কাগজপত্র যথাসম্ভব একই মাপের প্রস্তুত করিতে হইবে। কাটাকাটি</p>	<p>আরও অতিরিক্ত ৪৫/- টাকা চালানোর মাধ্যমে রাষ্ট্রীয় কোষাগারে জমা দিতে হয়। খাতাপত্র ক্রয়, উপ-আইন ক্রয় ছাড়া সমবায় সমিতি নিবন্ধনের ক্ষেত্রে অন্য কোন অর্থ প্রদানকারী এবং গ্রহণকারী উভয়েই সমান অপরাধী।</p>		
--	--	--	---	--	--

				ঘষামাজা এবং ফুইড ব্যবহার বর্জনীয়।			
খ) প্রকল্প/কর্মসূচিভুক্ত প্রাথমিক সমবায় সমিতির নিবন্ধন	১৫ থেকে ৬০ দিন	সরকারের উন্নয়ন প্রকল্পের আওতাভুক্ত প্রাথমিক সমবায় সমিতি নিবন্ধনের ক্ষেত্রে ১৮ (আঠার) বছর বয়সের উর্দ্ধে কমপক্ষে ২০(বিশ) জন উপকারভোগীর আবেদন সমবায় সমিতি নিবন্ধন নীতিমালা, ২০১৩ অনুযায়ী উপজেলা সমবায় অফিসে দাখিলের পর উক্ত আবেদনপত্র উপজেলা সমবায় অফিসার নিজে অথবা সহকারী পরিদর্শকদ্বারা সরেজমিনে যাচাই শেষে উপজেলা সমবায় অফিসার যদি এই মর্মে সন্তুষ্ট হন যে দাখিলকৃত কাগজপত্র সঠিক আছে তবে তিনি নিবন্ধন প্রদান করবেন এবং নিবন্ধন সংক্রান্ত যাবতীয় রেকর্ডপত্র সংশ্লিষ্ট অফিস এবং আবেদনকারীর নিকট প্রেরণ করবেন। নিবন্ধনের বিষয়ে আপত্তি থাকলে রেকর্ডপত্র সংশোধনের জন্য বা নিবন্ধন নামঞ্জুর করে নিবন্ধন সংক্রান্ত যাবতীয় রেকর্ডপত্র সংশ্লিষ্ট সরকারী প্রতিষ্ঠান এবং আবেদনকারীর নিকট প্রেরণ করবেন।	নিবন্ধনের জন্য প্রয়োজনীয় কাগজপত্র সংশ্লিষ্ট প্রকল্প/কর্মসূচির দপ্তর হতে সংগ্রহ করা যায়।	নিবন্ধন ফি বাবদ ৫০/- টাকার ট্রেজারী চালান মূলে সরকারী কোষাগারে এবং মূল্য সংযোজন কর হিসেবে অতিরিক্ত ০৭ টাকা ট্রেজারী চালানমূলে সরকারী কোষাগারে জমা প্রদান করতে হয়।	মোঃ আহাদ আলী মন্ডল, উপজেলা সমবায় অফিসার বীরগঞ্জ, দিনাজপুর ০২৫৮৮৮৭৮৬৮১ uco.birgonj.dinajpur@gmail.com	জেলা সমবায় অফিসার, দিনাজপুর ০২৫৮৯৯২৫১৪৩ dco.dinajpur@yahoo.com	
০২ উপ-আইন সংশোধন	০৭ দিন থেকে ৬০ দিন	ক) জাতীয় ও কেন্দ্রীয় সমবায় সমিতির ক্ষেত্রে: উপ-আইন সংশোধন সংক্রান্ত কোন আবেদন দাখিল করা হলে সমবায় অধিদপ্তরের অতিরিক্ত নিবন্ধক/ যুগ্ম-নিবন্ধক/ উপ-নিবন্ধক/ সহকারী নিবন্ধক/ বিভাগীয় যুগ্ম-নিবন্ধক/ জেলা সমবায় অফিসার কর্তৃক সরেজমিনে তদন্ত করার পর তদন্ত প্রতিবেদনের আলোকে উপ-আইন সংশোধনের আদেশ প্রদান অথবা রেকর্ডপত্র সংশোধনের জন্য বা সুনির্দিষ্ট কারণ উল্লেখ পূর্বক উপ-আইন সংশোধনের আবেদন নামঞ্জুর করে উপ-আইন সংশোধন সংক্রান্ত যাবতীয় রেকর্ডপত্র সংশ্লিষ্ট উপজেলা সমবায় অফিসারের মাধ্যমে আবেদনকারীর নিকট প্রেরণ করা হয়। যাবতীয় রেকর্ডপত্র সংশ্লিষ্ট জেলা/ উপজেলা সমবায় অফিসারের মাধ্যমে আবেদনকারীর নিকট প্রেরণ করবেন। খ) প্রাথমিক সমবায় সমিতির ক্ষেত্রে: প্রাথমিক সমবায় সমিতির ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধিগণ কর্তৃক আবেদন এবং এবং সমবায় সমিতি আইন ও বিধিমালা অনুযায়ী সংশ্লিষ্ট উপজেলা সমবায় অফিসে দাখিল করতে হবে। উপজেলা সমবায় অফিসার দাখিলকৃত রেকর্ডপত্র নিজে বা তার কার্যালয়ের সহকারি পরিদর্শক কর্তৃক সরেজমিনে যাচাইপূর্বক পরিদর্শন মন্তব্যসহ দাখিলকৃত আবেদন ও রেকর্ডপত্র জেলা সমবায় অফিসার বরাবর অগ্রগামী করবেন। আবেদন প্রাপ্তির পর জেলা সমবায় অফিসারের বিবেচনায় সমিতিটি উপআইন সংশোধনযোগ্য হলে উপআইন সংশোধনের আদেশ প্রদান এবং উপআইন সংশোধন সংক্রান্ত যাবতীয় রেকর্ডপত্র উপজেলা সমবায় কার্যালয়ের মাধ্যমে আবেদনকারীর নিকট প্রেরণ করবেন। উপআইন সংশোধন সংক্রান্ত কোন আপত্তি থাকলে তার কার্যালয়ের পরিদর্শক কর্তৃক সরেজমিনে তদন্ত করবেন এবং তদন্ত প্রতিবেদনের আলোকে উপ-আইন সংশোধনের আদেশ প্রদান অথবা রেকর্ডপত্র সংশোধনের জন্য বা উপ-আইন সংশোধন নামঞ্জুর করে উপ-আইন সংশোধন সংক্রান্ত যাবতীয় রেকর্ডপত্র উপজেলা সমবায় অফিসারের মাধ্যমে আবেদনকারীর নিকট প্রেরণ করবেন।	১। আবেদনপত্র ২। নিবন্ধন ফি এর ট্রেজারী চালানের মূল কপি। ৩। সকল কাগজপত্র যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক সত্যায়িত হইতে হইবে। ৪। সমিতির সংগঠকের নাম ও ঠিকানা। ৫। উপ-আইনে স্বাক্ষরকারীদের জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি অথবা ইউপি/চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদের কপি। ৬। উপ-আইনে স্বাক্ষরকারী সদস্য বা প্রতিনিধিত্বকারী ব্যক্তির ১ প্রস্থ সদ্য তোলা পাসপোর্ট সাইজের ছবি ও সদস্যদের মোবাইল/ফোন নম্বর। ৭। বিদ্যমান সমবায় সমিতি আইন, বিধিমালা, উপ-আইন, বিভিন্ন সময়ে জারিকৃত সরকারের নির্দেশনা পালনের অঙ্গীকারনামা (দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক) ৮। সাংগঠনিক সভার শুরুর থেকে আবেদনের তারিখ পর্যন্ত জমা খরচ হিসাব ৯। আগামী ০২(দুই) বছরের বাজেট। ১০। সমবায় সমিতি নিবন্ধন নীতিমালা, ২০১৩ মোতাবেক একই এলাকায় এই নামে অন্য কোন সমবায় সমিতি নাই বা অন্য কোন সমিতির সাথে দ্বন্দ্ব সংঘাত হবে না মর্মে প্রত্যয়ন পত্র থাকিতে হইবে।	বিনামূল্যে	মোঃ আহাদ আলী মন্ডল, উপজেলা সমবায় অফিসার বীরগঞ্জ, দিনাজপুর ০২৫৮৮৮৭৮৬৮১ uco.birgonj.dinajpur@gmail.com	জেলা সমবায় অফিসার, দিনাজপুর ০২৫৮৯৯২৫১৪৩ dco.dinajpur@yahoo.com	

				<p>সমিতি কোন প্রতিষ্ঠানের অংগপ্রতিষ্ঠান বা সমিতির কোন অংগপ্রতিষ্ঠান থাকিতে পারিবে না।</p> <p>১১। প্রস্তাবিত উপ-আইনের ০৩ (তিন) কপি।</p> <p>১২। সাংগঠনিক সভার কার্যবিবরণী।</p> <p>১৩। জমা খরচ বিবরণীর সাথে শেয়ার ও সঞ্চয় খাতের তালিকা এবং হস্তে মজুদ সংরক্ষণ বিষয়ে প্রত্যয়ন থাকিতে হইবে।</p> <p>১৪। সমিতি নিবন্ধনের পর ২ মাসের মধ্যে জাতীয় সমবায় ব্যাংক লিঃ এর কোন শাখায় অথবা যে কোন তফসিলি ব্যাংকে সমিতির নামীয় হিসাব খোলার অঙ্গীকার থাকিতে হইবে।</p> <p>১৫। সাংগঠনিক পর্যায়ের জমাখরচ বহি, সদস্য রেজিস্টার, শেয়ার ও সঞ্চয় রেজিস্টারের ফটোকপিসংযোজন করিতে হইবে।</p> <p>১৬। সংশ্লিষ্ট নিবন্ধক প্রয়োজনে অতিরিক্ত কাগজপত্র চাহিতে পারিবেন।</p> <p>১৭। কাগজপত্র যথাসম্ভব একই মাপের প্রস্তুত করিতে হইবে। কাটাকাটি ঘষামাজা এবং ফ্লুইড ব্যবহার বর্জনীয়।</p>			
০ ৩	প্রশিক্ষণ প্রদান	৫ দিন থেকে ১৫ দিন, ১ দিন	<p>নিবন্ধিত সমবায় সমিতির কার্যক্রম পরিচালনা সংক্রান্ত সমিতির আয়-ব্যয় এর হিসাব সংরক্ষণ, আয়বর্ধনমূলক কর্মকান্ড পরিচালনা, আত্ম-কর্মসংস্থানের সুযোগ কম্পিউটার প্রশিক্ষণ, সেলাই, পশুপালন, মৎস্যচাষ ইত্যাদি বিষয়ে সমিতির সদস্যদের প্রশিক্ষণ প্রদান করা হয়ে থাকে। উক্ত প্রশিক্ষণ প্রদানের জন্য বাংলাদেশ সমবায় একাডেমি, কোর্টবাড়ী, কুমিল্লা এর আওতাধীন ১০(দশ) টি আঞ্চলিক সমবায় ইন্সটিটিউট রয়েছে। উক্ত ১০ টি প্রশিক্ষণ কেন্দ্রে প্রতিবছর (জুলাই-জুন) একটি প্রশিক্ষণ বর্ষপুঞ্জি মোতাবেক প্রতি জেলায় নির্দিষ্ট সংখ্যক সমবায়ী প্রেরণ করার জন্য আদেশ প্রদান করা হয়ে থাকে। সে অনুযায়ী জেলা সমবায় অফিসার কর্তৃক তার অধিনস্থ উপজেলা সমবায় অফিসারকে প্রশিক্ষণার্থী মনোনয়ন দেয়ার জন্য নির্দেশনা প্রদান করেন। উপজেলা সমবায় অফিসার নিজে অথবা ইতোপূর্বে দাখিলকৃত সমিতির আবেদনের প্রেক্ষিতে প্রশিক্ষণার্থী নির্বাচন করেন। এরপর আবেদনের প্রেক্ষিতে প্রশিক্ষণার্থী সংশ্লিষ্ট প্রশিক্ষণকেন্দ্রে উপজেলা সমবায় অফিসারের সুপারিশের ভিত্তিতে জেলা সমবায় অফিসার প্রশিক্ষণ গ্রহণের জন্য আদেশ প্রদান করে থাকেন। প্রশিক্ষণ গ্রহণে শেষে প্রশিক্ষণার্থীদেরকে সনদ প্রদানের মাধ্যমে প্রশিক্ষণ সমাপ্ত করা হয়। অন্যদিকে জেলা সমবায় কার্যালয়ে একটি ভ্রাম্যমান প্রশিক্ষণ ইউনিট রয়েছে। উক্ত ভ্রাম্যমান প্রশিক্ষণ ইউনিট সমবায়</p>	প্রশিক্ষণের মনোনয়ন, আদেশ, সংশ্লিষ্ট জেলা সমবায় অফিসার	বিনামূল্যে	<p>মোঃ আহাদ আলী মন্ডল, উপজেলা সমবায় অফিসার বীরগঞ্জ, দিনাজপুর ০২৫৮৮৮৭৮৬৮১ uco.birgonj. dinajpur@ gmail.com</p>	<p>জেলা সমবায় অফিসার, দিনাজপুর ০২৫৮৯৯২৫১৪৩ dco_dinajpur @yahoo.com</p>

			ব্যবস্থাপনাসহ স্থানীয় বিভিন্ন সেবা প্রদানকারী সংস্থার সহযোগিতায় কৃষি, মৎস্য পশুপালন, বাল্যবিবাহ রোধ, যৌতুক নিরোধসহ ১ দিনব্যাপি বিভিন্ন বিষয়ে বিষয়ভিত্তিক প্রশিক্ষণ প্রদান করে থাকেন।				
০৪	বার্ষিক বাজেট অনুমোদন	০৩ থেকে ০৭ কর্ম দিবস	যে সকল সমবায় সমিতিতে সরকারের শেয়ার, ঋণ ও গ্যারান্টি আছে সে সকল সমবায় সমিতির বার্ষিক বাজেট নিম্নলিখিত পদ্ধতিতে অনুমোদন করা হয়। ক) প্রাথমিক সমবায় সমিতির বাজেট অনুমোদনঃ প্রাথমিক সমবায় সমিতির বার্ষিক সাধারণ সভা নির্ধারিত পদ্ধতি অনুসরণপূর্বক আলোচ্যসূচি অনুযায়ী প্রস্তাবিত বাজেট অনুমোদনের পর ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি বা ব্যক্তিবর্গ কর্তৃক উহা উপজেলা সমবায় অফিসার বরাবর দাখিল করার পরে দাখিলকৃত বাজেট উপজেলা সমবায় অফিসার কর্তৃক যাচাই বাছাই করে তার মন্তব্যসহ জেলা সমবায় অফিসার বরাবর প্রেরণ করা হলে প্রস্তাবিত বাজেট যাচাই বাছাই করে বাজেট অনুমোদন করেন এবং অনুমোদিত বাজেটের এক কপি সংশ্লিষ্ট উপজেলা সমবায় অফিসে প্রেরণ করেন এবং উহার একটি কপি সমিতি কর্তৃপক্ষের নিকট প্রেরণ করেন।	বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী, প্রস্তাবিত বাজেট, বাজেটের যৌক্তিকতা সম্পর্কিত প্রতিবেদন, ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি বা ব্যক্তিবর্গের আবেদনপত্র সংযুক্ত করতে হবে।	বিনামূল্যে	মোঃ আহাদ আলী মন্ডল, উপজেলা সমবায় অফিসার বীরগঞ্জ, দিনাজপুর ০২৫৮৮৮৭৮৬৮১ uco.birgonj.dinajpur@gmail.com	জেলা সমবায় অফিসার, দিনাজপুর ০২৫৮৯৯২৫১৪৩ dco_dinajpur@yahoo.com
০৫	সমবায় সমিতির বার্ষিক হিসাব সংরক্ষণ সহজীকরণ	সমবায় বর্ষ শেষ হওয়ার ৩০ দিনের মধ্যে	প্রতি সমবায় বর্ষে(জুন-জুলাই) সমবায় সমিতির বার্ষিক হিসাব বিবরণী ও কার্যক্রম যাচাইয়ের বাধ্যবাধকতা রয়েছে। এই সেবা পেতে কোন সমায় সমিতিতে আবেদন করতে হয়না। কেন্দ্রীয় ও প্রাথমিক সমবায় সমিতির পরিশোধিত শেয়ার মূলধনের পরিমাণ ৫০০,০০০/- টাকার উর্ধ্বে হলে সংশ্লিষ্ট জেলা সমবায় অফিসার এবং যে সকল প্রাথমিক সমবায় সমিতির পরিশোধিত মূলধন ৫০,০০০/- টাকার কম সে ক্ষেত্রে স্ব স্ব উপজেলা সমবায় অফিসার অধীনস্থ কর্মকর্তা/কর্মচারীদের নামে নিরীক্ষা বরাদ্দ প্রদান করে থাকেন। বরাদ্দপ্রাপ্ত বা নিয়োগকৃত নিরীক্ষা অফিসার অডিট সম্পাদনের কমপক্ষে ১৫ দিন পূর্বে সংশ্লিষ্ট সমবায় সমিতির নিরীক্ষা কার্যক্রম সমিতির নিজস্ব অফিসে আরম্ভ করা হবে মর্মে নোটিশ জারী করে নির্ধারিত তারিখে সমিতির বার্ষিক হিসাব বিবরণী ও কার্যক্রম যাচাই করে সমিতির বার্ষিক হিসাব বিবরণী ও কার্যক্রম যাচাই করে প্রতিবেদন প্রস্তুত করে সংশ্লিষ্ট সমবায় অফিসে এবং সমিতির অফিসে প্রেরণ করে।	সমিতিতে সংরক্ষিত যাবতীয় রেকর্ডপত্র যাচাইয়ের জন্য নিরীক্ষা অফিসারের নিকট উপস্থাপন করতে হয়।	নিরীক্ষার ভিত্তিতে সমবায় সমিতিতে নীট লাভ হলে নীট লাভের ১০% মূল্য সংযোজন কর হিসেবে সরকারী কোষাগারে এবং ধার্যকৃত অডিট ফিএর ১৫% মূল্য সংযোজন কর হিসেবে সরকারী কোষাগারে জমা প্রদান করবে।	মোঃ আহাদ আলী মন্ডল, উপজেলা সমবায় অফিসার বীরগঞ্জ, দিনাজপুর ০২৫৮৮৮৭৮৬৮১ uco.birgonj.dinajpur@gmail.com	জেলা সমবায় অফিসার, দিনাজপুর ০২৫৮৯৯২৫১৪৩ dco_dinajpur@yahoo.com
০৬	নির্বাচিত কমিটি নিয়োগের মাধ্যমে ব্যবস্থাপনা কমিটি গঠন	নির্বাচনের ৪৫ থেকে ৫০ দিনের পূর্বে	সমবায় সমিতি আইন,০১ অনুযায়ী নিবন্ধনকালীন সময়ে নিয়োগকৃত ব্যবস্থাপনা কমিটি ব্যতিরেকে সকল সমবায় সমিতির ব্যবস্থাপনা কমিটির মেয়াদ ৩ (তিন) বছর। ফলে মেয়াদ পূর্তির পূর্বে নির্বাচনের মাধ্যমে গণতান্ত্রিক পদ্ধতিতে ব্যবস্থাপনা কমিটি গঠনের পদক্ষেপ গ্রহণ করতে হয়। নির্বাচনের ৫০ দিন পূর্বে নির্বাচন কমিটি গঠনের জন্য আবেদন করতে হয়। সকল কেন্দ্রীয় ও প্রাথমিক যে সকল সমবায় সমিতির শেয়ার মূলধন ৫০,০০০/- টাকার উপরে যে সকল সমবায় সমিতির নির্বাচন কমিটি গঠনের জন্য জেলা সমবায় অফিসার বরাবর কমপক্ষে ৪৫ দিন পূর্বে আবেদন করতে হবে। দাখিলকৃত আবেদনপত্র কর্তৃপক্ষ যাচাই বাছাইপূর্বক নির্বাচন অনুষ্ঠানের কমপক্ষে ৪০ দিন পূর্বে নির্বাচন কমিটি গঠনের আদেশ জারী করেন এবং নির্বাচন কমিটি গঠনের আদেশটি সংশ্লিষ্ট নির্বাচন কমিটি/সমিতি/জেলা/উপজেলা/পরবর্তীতে নির্বাচন কমিটি কর্তৃক নির্বাচনী	নির্বাচন কমিটি গঠন সংক্রান্ত ব্যবস্থাপনা কমিটির রেজুলেশন ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি বা ব্যক্তিবর্গের আবেদনপত্র।	বিনামূল্যে	মোঃ আহাদ আলী মন্ডল, উপজেলা সমবায় অফিসার বীরগঞ্জ, দিনাজপুর ০২৫৮৮৮৭৮৬৮১ uco.birgonj.dinajpur@gmail.com	জেলা সমবায় অফিসার, দিনাজপুর ০২৫৮৯৯২৫১৪৩ dco_dinajpur@yahoo.com

			তফসিল জারির পরে তফসিল মোতাবেক যাবতীয় কার্যক্রম শেষে বিশেষ/বার্ষিক সাধারণ সভায় নির্বাচনি ফলাফল ঘোষণা করা হয়। নির্বাচনি ফলাফল সংশ্লিষ্ট প্রার্থী, সমিতি ও সংশ্লিষ্ট সমবায় দপ্তরে প্রেরণ করা হয় এবং প্রাপ্তন ব্যবস্থাপনা কমিটির নিকট হতে নবনির্বাচিত ব্যবস্থাপনা কমিটি আইন ও বিধি মোতাবেক দায়িত্বভার গ্রহণ করার পর ব্যবস্থাপনা কমিটি গঠনের কার্যক্রম শেষ হয়।				
০৭	অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি গঠন	৩ থেকে ৭ দিন	সমবায় সমিতি আইন অনুযায়ী প্রতিটি সমবায় সমিতির ব্যবস্থাপনা কমিটির মেয়াদ ৩ বছর। ফলে মেয়াদপূর্তির পূর্বে নির্বাচনের মাধ্যমে ব্যবস্থাপনা কমিটি গঠনের পদক্ষেপ গ্রহণ করতে হয়। কিন্তু নিয়মিত বা নিয়োগকৃত ব্যবস্থাপনা কমিটি তার মেয়াদকালের মধ্যে নির্বাচন অনুষ্ঠান না করতে পারার কারণে সংশ্লিষ্ট প্রাথমিক সমবায় সমিতির আবেদনের প্রেক্ষিতে কিংবা আবেদন না হলেও সংশ্লিষ্ট কর্তৃপক্ষ নিজ উদ্যোগে যে সকল প্রাথমিক সমবায় সমিতির আদায়কৃত শেয়ার মূলধন ৫০,০০০/- টাকা বা তার উর্দে সে সকল প্রাথমিক সমবায় সমিতির অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি জেলা সমবায় অফিসার ও যে সকল প্রাথমিক সমবায় সমিতির শেয়ার মূলধন ৫০,০০০/- টাকার নীচে সে সকল ক্ষেত্রে উপজেলা সমবায় অফিসার নিয়োগ দিয়ে থাকেন।	অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি গঠন সংক্রান্ত ব্যবস্থাপনা কমিটির রেজুলেশন, ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি বা ব্যক্তিবর্গের আবেদনপত্র	বিনামূল্যে	মোঃ আহাদ আলী মন্ডল, উপজেলা সমবায় অফিসার বীরগঞ্জ, দিনাজপুর ০২৫৮৮৮৭৮৬৮১ uco.birgonj.dinajpur@gmail.com	জেলা সমবায় অফিসার, দিনাজপুর ০২৫৮৯৯২৫১৪৩ dco_dinajpur@yahoo.com
০৮	আধা-বিচারিক	১৫ দিন থেকে ৯০ দিন।	সমবায় সমিতির কোন কার্যক্রম/নির্বাচন পরিচালনার কেন্দ্রে উদ্ধৃত বিরোধ সদস্য বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে বিরোধ মামলা দায়ের করতে পারেন। প্রাথমিক সমবায় সমিতির ক্ষেত্রে জেলা সমবায় অফিসার, কেন্দ্রীয় সমবায় সমিতির ক্ষেত্রে বিভাগীয় যুগ্ম-নিবন্ধক/ উপ-নিবন্ধক (বিচার) এবং জাতীয় সমবায় সমিতির ক্ষেত্রে নিবন্ধক ও মহাপরিচালক বরাবর শালিস মামলা দায়ের করা যায়। সংশ্লিষ্ট কর্তৃপক্ষ সমিতি বা সমিতির কোনস সদস্যের অভিযোগ প্রাপ্তির পর তারিখ, স্থান ও সময় উল্লেখপূর্বক উভয় পক্ষকে শুনানীর নোটিশ জারী করেন। অতঃপর নির্ধারিত তারিখ, স্থান ও সময় উভয় পক্ষের শুনানী গ্রহণপূর্বক তার মতে বিবেচনা প্রসূত রায় প্রদান করেন। প্রদত্ত রায় অনুযায়ী সংশ্লিষ্ট সকল পক্ষ ব্যবস্থা গ্রহণ করে থাকে। অথবা প্রদত্ত রায়ে সংশ্লিষ্ট সংক্ষুদ্ধ ব্যক্তি বা পক্ষ রায় প্রদানকারীর উর্দ্বতন কর্তৃপক্ষের বরাবরে আপীল রায়ের মাধ্যমে বিরোধটি নিষ্পত্তি হয়ে থাকে।	১) সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ ২) নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর ৩) সংশ্লিষ্ট বিভাগীয় যুগ্ম-নিবন্ধক ৪) সংশ্লিষ্ট উপ-নিবন্ধক(বিচার) ৫) সংশ্লিষ্ট জেলা সমবায় অফিসার	১০০ টাকার কোর্ট ফি সংযুক্ত করতে হবে।	মোঃ আহাদ আলী মন্ডল, উপজেলা সমবায় অফিসার বীরগঞ্জ, দিনাজপুর ০২৫৮৮৮৭৮৬৮১ uco.birgonj.dinajpur@gmail.com	জেলা সমবায় অফিসার, দিনাজপুর ০২৫৮৯৯২৫১৪৩ dco_dinajpur@yahoo.com
০৯	অভিযোগ প্রতিকার	নির্ধারিত কোন সময়সীমা রেখে দেয়া নেই।	সমবায় সমিতি আইন, ২০০১ এর ৪৯ ধারা অনুযায়ী কোন সমবায় সমিতি যদি কোন অর্থ সরবরাহকারী সংস্থার সদস্য হয়, সমিতির ১০% সদস্যের আবেদন করে, ব্যবস্থাপনা কমিটির এক-তৃতীয়াংশ সদস্য যদি কোন বিষয়ে আবেদন করে নিরীক্ষা প্রতিবেদনের ভিত্তিতে যদি তদন্তের প্রয়োজনীয়তা অনুভূত হয়, মাঠ পর্যায়ে কর্মরত নিবন্ধকের অধঃস্তন অফিসার সুপারিশ করে যদি সুনির্দিষ্ট রিপোর্ট পেশ করে এরূপ অনেক ক্ষেত্রে নিবন্ধক সমিতির কার্যক্রম তদন্তের নির্দেশ দিতে পারেন।	সাদা কাগজে অভিযোগ বিবরণীসহ অভিযোগের স্বপক্ষে কাগজপত্র সংযুক্ত করে অভিযোগকারীরগণ আবেদন করতে পারে।	বিনামূল্যে	মোঃ আহাদ আলী মন্ডল, উপজেলা সমবায় অফিসার বীরগঞ্জ, দিনাজপুর ০২৫৮৮৮৭৮৬৮১ uco.birgonj.dinajpur@gmail.com	জেলা সমবায় অফিসার, দিনাজপুর ০২৫৮৯৯২৫১৪৩ dco_dinajpur@yahoo.com
১০	অবসায়ন	একবারে সর্বোচ্চ ০১ বছর এবং সর্বোচ্চ এ	সমবায় সমিতি নিরীক্ষা, ৪৯ ধারা অনুযায়ী তদন্ত, এতদুদ্দেশ্যে আহত বিশেষ সাধারণ সভায় উপস্থিত তিন চতুর্থাংশ সদস্যের সিদ্ধান্ত অনুসারে, সমিতির পরপর তিনটি বার্ষিক সাধারণ সভা যদি কোরাম না হয়। সমিতি নিবন্ধিত হওয়া স্বত্বেও যদি বিধিদ্বারা নির্ধারিত সময়ের মধ্যে উহার কার্যক্রম শুরু না	৪৯ ধারা অনুযায়ী তদন্ত রিপোর্ট এর কপি, বিশেষ সাধারণ সভার সিদ্ধান্তের সত্যায়িত ছায়ািলিপি, নিরীক্ষা প্রতিবেদন, নিবন্ধনের শর্ত ভঙ্গের রেকর্ডপত্র।	বিনামূল্যে	মোঃ আহাদ আলী মন্ডল, উপজেলা সমবায় অফিসার বীরগঞ্জ, দিনাজপুর ০২৫৮৮৮৭৮৬৮১	জেলা সমবায় অফিসার, দিনাজপুর ০২৫৮৯৯২৫১৪৩ dco_dinajpur

		বছর করে পাঁচবার সময় বাড়ানো যাবে।	করে সমিতির কার্যক্রম বিগত ১(এক) বছর যাবৎ বন্ধ থাকে, পরিশোধিত শেয়ার মূলধন বা আমানত গ্রহণকারী সমিতির ক্ষেত্রে তৎকর্তৃক গৃহীত আমানতের পরিমাণ ৩০০০ টাকার কম হয়ে যায় অথবা এই আইন, বিধিমালা বা উপ-আইনে উল্লিখিত নিবন্ধন সংক্রান্ত কোন শর্ত ভঙ্গা করা হয় তবে কোন সমবায় সমিতি অবসায়নে দেয়ার বিধান রয়েছে।			uco.birgonj.dinajpur@gmail.com	@yahoo.com
১১	নির্বাহী আদেশের বিরুদ্ধে আপীল	আপীলের জন্য একমাস এবং আপীলের রায়ের জন্য সর্বোচ্চ ৩ (তিন) মাস।	নিবন্ধন বাতিলসহ যেকোন নির্বাহী আদেশের বিরুদ্ধে সংক্ষুদ্ধ ব্যক্তি আদেশদানকারী কর্তৃপক্ষের পরবর্তী উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট আদেশ প্রদানের ১ (এক) মাসের মধ্যে আপীল করতে পারেন।	আপীল আবেদন, আপীল আবেদনের স্বপক্ষে রেকর্ডপত্র	১০০ টাকার কোর্ট ফি সংযুক্ত করতে হবে।	মোঃ আহাদ আলী মন্ডল, উপজেলা সমবায় অফিসার বীরগঞ্জ, দিনাজপুর ০২৫৮৮৮৭৮৬৮১ uco.birgonj.dinajpur@gmail.com	জেলা সমবায় অফিসার, দিনাজপুর ০২৫৮৯৯২৫১৪৩ dco_dinajpur@yahoo.com
১২	সমিতির দোষী ব্যবস্থাপনা কমিটি ভঙ্গাকরণ ও অন্তর্বর্তী কমিটি নিয়োগ	নির্ধারিত কোন সময়সীমা বেধে দেয়া নেই।	অডিট ও তদন্তের ভিত্তিতে যদি প্রমানিত হয় যে, কোন সমবায় সমিতির ব্যবস্থাপনা আইন, বিধি ও উপ-আইনের বিধান লংঘন পূর্বক সম্পন্ন হচ্ছে, সেক্ষেত্রে বিধিমালা দোষী সদস্যকে বহিস্কার আদেশ প্রদান। তবে আদেশদানকারী কর্তৃপক্ষের উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট সংযুক্ত ব্যক্তি ৩০(ত্রিশ) দিনের মধ্যে আপীল করতে পারবে।	তদন্ত প্রতিবেদন ও অভিযোগ স্বপক্ষে যাবতীয় রেকর্ডপত্র	বিনামূল্যে	মোঃ আহাদ আলী মন্ডল, উপজেলা সমবায় অফিসার বীরগঞ্জ, দিনাজপুর ০২৫৮৮৮৭৮৬৮১ uco.birgonj.dinajpur@gmail.com	জেলা সমবায় অফিসার, দিনাজপুর ০২৫৮৯৯২৫১৪৩ dco_dinajpur@yahoo.com
১৩	সমবায় সমিতির বিনিয়োগ প্রস্তাব অনুমোদন	নির্ধারিত কোন সময়সীমা বেধে দেয়া নেই।	সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ এর বিধি ৪৬ অনুযায়ী সমবায় সমিতির ক্ষেত্রে কোন এক খাতে কোন সমবায় সমিতি যদি ১০,০০,০০০ টাকা এর অধিক বিনিয়োগের জন্য প্রস্তাব করেন এবং উহা যদি প্রকল্প আকারে উপস্থাপন করা হয় তবে উহা আলাদাভাবে অনুমোদনের প্রয়োজন হবে।	বার্ষিক সাধারণ সভার সিদ্ধান্তের ছায়ালিপি, বিনিয়োগ প্রস্তাব সংক্রান্ত প্রকল্প, এন্টিমেট, ডিজাইন সংশ্লিষ্ট স্থানীয় কর্তৃপক্ষের ছাড়পত্র	বিনামূল্যে	মোঃ আহাদ আলী মন্ডল, উপজেলা সমবায় অফিসার বীরগঞ্জ, দিনাজপুর ০২৫৮৮৮৭৮৬৮১ uco.birgonj.dinajpur@gmail.com	জেলা সমবায় অফিসার, দিনাজপুর ০২৫৮৯৯২৫১৪৩ dco_dinajpur@yahoo.com
১৪	সমবায় সমিতির লভ্যাংশ বিতরণের হার ৭৫% এর উর্দ্ধে বিতরণ।	নির্ধারিত কোন সময়সীমা বেধে দেয়া নেই।	কোন প্রাথমিক সমবায় সমিতি যদি সংশ্লিষ্ট সমবায় বর্ষে নীট লাভের ৭৫% এর অধিক সদস্যদের মাঝে বন্টন করতে চায় তবে অবশ্যই নিবন্ধকের অনুমোদন প্রয়োজন হবে।	বার্ষিক সাধারণ সভার ছায়ালিপি, সংশ্লিষ্ট বর্ষের নিরীক্ষা প্রতিবেদন	বিনামূল্যে	মোঃ আহাদ আলী মন্ডল, উপজেলা সমবায় অফিসার বীরগঞ্জ, দিনাজপুর ০২৫৮৮৮৭৮৬৮১ uco.birgonj.dinajpur@gmail.com	জেলা সমবায় অফিসার, দিনাজপুর ০২৫৮৯৯২৫১৪৩ dco_dinajpur@yahoo.com
১৫	সমবায় সমিতির নিরীক্ষা ফি		কোন সমবায় সমিতি কোন সমবায় বর্ষে নীট লাভ অর্জন করলে তাকে অবশ্যই নিরীক্ষা ফি প্রদান করতে হয়। কিন্তু সমিতির বার্ষিক সাধারণ সভার ভিত্তিতে যদি দেখা যায় সমিতির আর্থিক অবস্থা সন্তোষজনক নয় তবে	বার্ষিক বা বিশেষ সাধারণ সভার ছায়ালিপি, আর্থিক বিবরণী এবং ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি বা ব্যক্তিবর্গ কর্তৃক	বিনামূল্যে	মোঃ আহাদ আলী মন্ডল, উপজেলা সমবায় অফিসার বীরগঞ্জ, দিনাজপুর	জেলা সমবায় অফিসার, দিনাজপুর ০২৫৮৯৯২৫১৪৩

	মওকুফ		সমিতি কর্তৃপক্ষের আবেদনের প্রেক্ষিতে নিবন্ধক ইচ্ছা করলে সমিতির অডিট ফি আংশিক বা সম্পূর্ণ মওকুফ করতে পারেন।	দাখিলকৃত আবেদনপত্র।		০২৫৮৮৮৭৮৬৮১ uco.birgonj.dinajpur@gmail.com	dco_dinajpur@yahoo.com
১৬	সমবায় সমিতি পরিদর্শন	নির্ধারিত কোন সময়সীমা বেধে দেয়া নেই।	সমবায় সমিতি আইন, ২০০১ এক ৪৮(২) ধারা মোতাবেক নিবন্ধক বা নিবন্ধকের নিকট থেকে ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তি যে কোন সময় যে কোন সমবায় সমিতির রেকর্ডপত্র পরিদর্শন করতে পারেন। পরিদর্শনের ভিত্তিতে নিবন্ধক সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ এর ১১০(৩) বিধি মোতাবেক সমিতি কর্তৃপক্ষের একটি শুনানীর সুযোগ দিয়ে যে রূপ ব্যবস্থা গ্রহণ প্রয়োজন মনে করেন সেইরূপ ব্যবস্থা গ্রহণ করতে পারেন।	নিবন্ধক কর্তৃক চাহিত সমিতির যাবতীয় রেকর্ডপত্র	বিনামূল্যে	মোঃ আহাদ আলী মন্ডল, উপজেলা সমবায় অফিসার বীরগঞ্জ, দিনাজপুর ০২৫৮৮৮৭৮৬৮১ uco.birgonj.dinajpur@gmail.com	জেলা সমবায় অফিসার, দিনাজপুর ০২৫৮৯৯২৫১৪৩ dco_dinajpur@yahoo.com
১৭	সত্যায়িত নকলের ফি নির্ধারণ	নির্ধারিত কোন সময়সীমা বেধে দেয়া নেই।	প্রতি ১০০ শব্দ বা উহার অংশ বিশেষের জন্য ০৫ (পাঁচ) টাকা হারে সত্যায়িত নকলের ফি আদায় করা যাবে।	যে নকল চাওয়া হয় তার স্বপক্ষে আবেদনপত্র	চাহিত প্রতিবেদনের আকার অনুসারে ফি নির্ধারিত হবে।	মোঃ আহাদ আলী মন্ডল, উপজেলা সমবায় অফিসার বীরগঞ্জ, দিনাজপুর ০২৫৮৮৮৭৮৬৮১ uco.birgonj.dinajpur@gmail.com	জেলা সমবায় অফিসার, দিনাজপুর ০২৫৮৯৯২৫১৪৩ dco_dinajpur@yahoo.com
১৮	জলমহল ইজারায় অংশগ্রহণের প্রত্যয়নপত্র প্রাপ্তি	১-৩ দিন	জলমহল বরাদ্দ নীতিমালা অনুসারে জলমহল ইজারায় অংশগ্রহণের জন্য মৎস্যজীবি সমবায় সমিতিগুলো প্রাধিকার প্রাপ্ত। সেক্ষেত্রে জলমহল ইজারায় অংশগ্রহণের জন্য সমবায় কর্মকর্তার প্রত্যয়নপত্রের প্রয়োজন হয়। নিবন্ধিত কোন মৎস্যজীবী সমবায় সমিতি কর্তৃক আবেদন করা হলে সংশ্লিষ্ট উপজেলা সমবায় কর্মকর্তা উক্ত আবেদন যাচাই বাছাই করে প্রত্যয়নপত্র প্রদান করে থাকেন।	সমবায় সমিতির আবেদন পত্র সমিতির ব্যবস্থাপনা কমিটির মেয়াদ বলবৎ থাকা সমিতির নিয়মিত অডিট হওয়া।	বিনামূল্যে	মোঃ আহাদ আলী মন্ডল, উপজেলা সমবায় অফিসার বীরগঞ্জ, দিনাজপুর ০২৫৮৮৮৭৮৬৮১ uco.birgonj.dinajpur@gmail.com	জেলা সমবায় অফিসার, দিনাজপুর ০২৫৮৯৯২৫১৪৩ dco_dinajpur@yahoo.com
১৯	তথ্য অধিকার বাস্তবায়ন	-	তথ্য অধিকার আইনের নির্ধারিত ফরমে আবেদন	সংশ্লিষ্ট ওয়েব সাইটে	প্রয়োজনীয় কাগজ মূল্য	মোঃ আহাদ আলী মন্ডল, উপজেলা সমবায় অফিসার বীরগঞ্জ, দিনাজপুর ০২৫৮৮৮৭৮৬৮১ uco.birgonj.dinajpur@gmail.com	জেলা সমবায় অফিসার, দিনাজপুর ০২৫৮৯৯২৫১৪৩ dco_dinajpur@yahoo.com

২.২) প্রাতিষ্ঠানিক সেবাঃ

ক্রঃ নং	সেবার নাম	সেবা প্রদানের সর্বোচ্চ সময়	প্রয়োজনীয় কাগজ পত্র	প্রয়োজনীয় কাগজ পত্র/ আবেদন ফরম প্রাপ্তির স্থান	সেবা মূল্য ও পরিশোধ পদ্ধতি (যদি থাকে)	শাখার নামসহ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার পদবি, রুম নম্বর, জেলা/উপজেলার কোড, অফিসিয়াল টেলিফোন ও ই-মেইল নম্বর	উর্ধ্বতন কর্মকর্তার পদবি, রুম নম্বর, জেলা/উপজেলার কোড, অফিসিয়াল টেলিফোন ও ই-মেইল নম্বর
১	২	৩	৪	৫	৬	৭	৮

১	প্রশিক্ষণঃ ১. ভ্রাম্যমাণ প্রশিক্ষণ ২. আইজিএ প্রশিক্ষণ (স্থানীয়) ৩. আইজিএ প্রশিক্ষণ (একাডেমী/আঞ্চলিক ইনিস্টিটিউট) ৪. সমিতি ব্যবস্থাপনা প্রশিক্ষণ (একাডেমী/আঞ্চলিক ইনিস্টিটিউট) ৫. সমিতি হিসাব সংরক্ষণ প্রশিক্ষণ (একাডেমী/আঞ্চলিক ইনিস্টিটিউট)	০১ দিন ০৫ দিন ০৫-১০ দিন ০৫ দিন ০৫ দিন	সমবায় সমিতির ব্যবস্থাপনা কমিটি কর্তৃক সদস্য মনোনয়নের রেজুলেশনের ফটোকপি, সদস্যের ক্রমিক সংখ্যা, শিক্ষাগত যোগ্যতা, ভোটার আইডি কার্ড এর ফটোকপি, সদস্য ভর্তি বহির ফটোকপি ও মোবাইল নম্বর।	উপজেলা সমবায় কার্যালয়, বীরগঞ্জ, দিনাজপুর।	বিনামূল্যে	মোঃ আহাদ আলী মন্ডল, উপজেলা সমবায় অফিসার বীরগঞ্জ, দিনাজপুর ০২৫৮৮৮৭৮৬৮১ uco.birgonj.dinajpur@ gmail.com	জেলা সমবায় অফিসার, দিনাজপুর ০২৫৮৯৯২৫১৪৩ dco_dinajpur @yahoo.com
---	---	---	--	---	------------	---	--

২.৩) অভ্যন্তরিন সেবাঃ

ক্রঃ নং	সেবার নাম	সেবা প্রদানের সর্বোচ্চ সময়	প্রয়োজনীয় কাগজ পত্র	প্রয়োজনীয় কাগজ পত্র/ আবেদন ফরম প্রাপ্তির স্থান	সেবা মূল্য ও পরিশোধ পদ্ধতি (যদি থাকে)	শাখার নামসহ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার পদবি, রুম নম্বর, জেলা/উপজেলার কোড, অফিসিয়াল টেলিফোন ও ই- মেইল নম্বর	উর্ধ্বতন কর্মকর্তার পদবি, রুম নম্বর, জেলা/উপজেলার কোড, অফিসিয়াল টেলিফোন ও ই-মেইল নম্বর
১	২	৩	৪	৫	৬	৭	৮
১	চতুর্থ শ্রেণী কর্মচারীগণের চাকুরী স্থায়ী করণ।	০৫ কার্যদিবস	১. কর্মীর আবেদন পত্র। ২. কর্মীর নিয়োগাদেশ। ৩. পুলিশ ভেরিভিকেশনের ফটোকপি।	নির্ধারিত কোন ফরম নেই। সাদা কাগজে করতে পারবে।	বিনামূল্যে	মোঃ আহাদ আলী মন্ডল, উপজেলা সমবায় অফিসার বীরগঞ্জ, দিনাজপুর ০২৫৮৮৮৭৮৬৮১ uco.birgonj.dinajpur@gmail.com	জেলা সমবায় অফিসার, দিনাজপুর ০২৫৮৯৯২৫১৪৩ dco_dinajpur @yahoo.com
২	চতুর্থ শ্রেণী কর্মচারীগণের শ্রান্তি বিনোদন ছুটি	০৫ কার্যদিবস	১. কর্মীর আবেদন পত্র। ২. কর্মীর বিগত শ্রান্তি বিনোদন ছুটির আদেশ।	নির্ধারিত ফরমে আবেদন।	বিনামূল্যে	মোঃ আহাদ আলী মন্ডল, উপজেলা সমবায় অফিসার বীরগঞ্জ, দিনাজপুর ০২৫৮৮৮৭৮৬৮১ uco.birgonj.dinajpur@gmail.com	জেলা সমবায় অফিসার, দিনাজপুর ০২৫৮৯৯২৫১৪৩ dco_dinajpur @yahoo.com
৩	চতুর্থ শ্রেণী কর্মচারীগণের অর্জিত ছুটি	০৫ কার্যদিবস	১. কর্মীর আবেদন পত্র। ২. কর্মীর আবেদন পত্রের সহিত সংশ্লিষ্ট কাগজপত্র।	নির্ধারিত ফরমে আবেদন।	বিনামূল্যে	মোঃ আহাদ আলী মন্ডল, উপজেলা সমবায় অফিসার বীরগঞ্জ, দিনাজপুর ০২৫৮৮৮৭৮৬৮১ uco.birgonj.dinajpur@gmail.com	জেলা সমবায় অফিসার, দিনাজপুর ০২৫৮৯৯২৫১৪৩ dco_dinajpur @yahoo.com
৪	চতুর্থ শ্রেণী কর্মচারীগণের অবসরগুর ছুটি	০৫ কার্যদিবস	১. কর্মীর আবেদন পত্র। ২. বিধি মোতাবেক সংশ্লিষ্ট কাগজপত্র।	নির্ধারিত ফরমে আবেদন ও সংশ্লিষ্ট হিসাব রক্ষণ অফিসে।	বিনামূল্যে	মোঃ আহাদ আলী মন্ডল, উপজেলা সমবায় অফিসার বীরগঞ্জ, দিনাজপুর ০২৫৮৮৮৭৮৬৮১ uco.birgonj.dinajpur@gmail.com	জেলা সমবায় অফিসার, দিনাজপুর ০২৫৮৯৯২৫১৪৩ dco_dinajpur @yahoo.com

৫	৩য় শ্রেণীর কর্মকর্তাগণের সকল সুবিধা	নির্ধারিত নেই	বিধি অনুযায়ী সকল কাগজ পত্র অগ্রায়ন করতে পারবে।	বিধি মোতাবেক ফরম ও আবেদন পত্র সংগ্রহ	বিনামূল্যে	মোঃ আহাদ আলী মন্ডল, উপজেলা সমবায় অফিসার বীরগঞ্জ, দিনাজপুর ০২৫৮৮৮৭৮৬৮১ uco.birgonj.dinajpur@gmail.com	জেলা সমবায় অফিসার, দিনাজপুর ০২৫৮৯৯২৫১৪৩ dco_dinajpur@yahoo.com
---	--------------------------------------	---------------	--	--------------------------------------	------------	---	--

৩. অভিযোগ ব্যবস্থাপনা পদ্ধতি (GRS)

সেবা প্রাপ্তিতে অসন্তুষ্ট হলে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সঙ্গে যোগাযোগ করুন। তিনি সমাধান দিতে ব্যর্থ হলে নিম্নোক্ত পদ্ধতিতে যোগাযোগ করে আপনার সমস্যা অবহিত করুন।

ক্রমিক নং	কখন যোগাযোগ করবেন	কার সঙ্গে যোগাযোগ করবেন	যোগাযোগের ঠিকানা	নিষ্পত্তির সময়সীমা
১	২	৩	৪	৫
১	সেবা প্রাপ্তিতে অসন্তুষ্ট হলে	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা	মোঃ আহাদ আলী মন্ডল, উপজেলা সমবায় অফিসার বীরগঞ্জ, দিনাজপুর ০২৫৮৮৮৭৮৬৮১ uco.birgonj.dinajpur@gmail.com	
২	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সমাধান দিতে ব্যর্থ হলে	জেলা সমবায় দপ্তরে অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক কর্মকর্তা)	জেলা সমবায় অফিসার, দিনাজপুর ০২৫৮৯৯২৫১৪৩ dco_dinajpur@yahoo.com	সাধারণভাবে ৩০ কার্যদিবস
৩	অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা নির্দিষ্ট সময়ে সমাধান দিতে ব্যর্থ হলে	যুগ্ম-নিবন্ধকের দপ্তরে আপীল কর্মকর্তা	উপ-নিবন্ধক (প্রশাসন) বিভাগীয় সমবায় কার্যালয়, রংপুর বিভাগ, রংপুর ০২৫৮৮৮১০৪০৩ jr_rangpur@yahoo.com	আপীল নিষ্পত্তির সর্বচ্চ সময়সীমা ৬০ কার্যদিবস

৪) আপনার কাছে আমাদের প্রত্যাশা

ক্রমিক নং	প্রতিশ্রুত/কাজিকৃত সেবা প্রাপ্তির লক্ষ্যে করণীয়
১)	নির্ধারিত ফরমে সম্পূর্ণভাবে পূরণকৃত আবেদন জমা প্রদান।
২)	সঠিক মাধ্যমে প্রয়োজনীয় ফিস পরিশোধ করা।
৩)	সাক্ষাতের জন্য নির্ধারিত সময়ের পূর্বেই উপস্থিত থাকা।
৪)	সমবায় সমিতি নিবন্ধনের ক্ষেত্রে এনআইডি কার্ড, পাসপোর্ট সাইজের ছবি, স্থানীয় বাসিন্দার প্রত্যয়ন, অফিস গরের প্রত্যয়ন সহ চাহিত অন্যান্য কাগজপত্র।



(মোঃ আহাদ আলী মন্ডল)
উপজেলা সমবায় অফিসার
বীরগঞ্জ, দিনাজপুর।